কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯-৬৬৩ তারিখঃ ১৭-০৯-২০২৪খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের জুলাই, ২০২৪ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২৭/০৮/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (জুলাই,২০২৪ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের (আগস্ট,২০২৪ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২০-০৯-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পৃষ্ঠা।

১৬/০৯/২০২৪
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৫০
e-mail: rcpon303@yahoo.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)" শীর্ষক প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের (জুলাই/২০২৪ পর্যন্ত) সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ মাসুদ করিম
মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : বেলা ২.০০ ঘটিকা।
তারিখ : ২৭ আগষ্ট, ২০২৪ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র জুলাই,২০২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপপরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপপরিচালক (পিপি) সভাপতির নির্দেশনা মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**১। আলোচ্য বিষয়সমূহঃ**

**১। গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

গত ২৯/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। মহাপরিচালকের অনুমোদনক্রমে গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**২.১।** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পে ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি মোতাবেক মোট ৩১৮.৬৬ কোটি টাকা এবং ০১টি কর্মসূচি'র অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১৩৯.০০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৬টি প্রকল্পের আওতায় জুলাই, ২০২৪ পর্যন্ত ৪৬.৭৬ কোটি (১৪.৬৭%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে জুলাই,২০২৪ পর্যন্ত ০.৪৩ কোটি (০.১৪%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের বিপরীতে ২৪.৭৫ লক্ষ (১৭.৮০%) টাকা ছাড় করা হয় এবং জুলাই, ২০২৪ পর্যন্ত ০.০০ লক্ষ (০%) টাকা ব্যয় করা হয়।

**২.২। প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ**

২০২৪-২৫ অর্থ বছরের জুলাই,২০২৪ পর্যন্ত প্রকল্প ও কর্মসূচিভিত্তিক আরএডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব নিম্নে উপস্থাপন করা হলো।

### ক) প্রকল্পসমূহের আরএডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় ((বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অংশ) | ৭৩.২৫ | ১৯.২৫ | ৫৪.০০ | ৯.৬৫ (১৩.১৭%) | ৪.৬৫ (২৪.১৬%) | ৫.০০ (৯.২৬%) | ০.১৫ (০.২০%) | ০.১৫ (০.৭৮%) | ০ |
| ২ | এসডিএএমপি | ১০০.০০ | ১০০.০০ | ০ | ২৫ (২৫%) | ২৫ (২৫%) | ০ | ০ | ০ | ০ |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ৪.৩১ | ৪.৩১ | ০ | ১.৭৮ (৪১.৩০%) | ১.৭৮ (৪১.৩০%) | ০ | ০ | ০ | ০ |
| ৪ | আলুর প্রকল্প | ৭.১৪ | ৭.১৪ | ০ | ১.৭৮ (২৪.৯৩%) | ১.৭৮ (২৪.৯৩%) | ০ | ০.১০ (১.৪০%) | ০.১০ (১.৪০%) | ০ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ১১৫.৩১ | ১৯.৩১ | ৯৬.০০ | ৪.৮৩ (৪.১৯%) | ৪.৮৩ (২৫.০১%) | ০ | ০.০৩ (০.০৩%) | ০.০৩ (০.০৩%) | ০ |
| ৬ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ১৮.৫৬ | ১৮.৫৬ | ০ | ৩.৭২ (১৯.৯৫%) | ৩.৭২ (১৯.৯৫%) | ০ | ০.১৫ (০.৮২%) | ০.১৫ (০.৮২%) | ০.০০ |
| | **সর্বমোট** | **৩১৮.৬৬** | **১৬৮.৬৬** | **১৫০.০০** | **৪৬.৭৬ (১৪.৬৭%)** | **৪১.৭৬ (২৪.৭৬ %)** | **৫.০০ (৩.৩৩%)** | **০.৪৩ (০.১৪%)** | **০.৪৩ (০.২৫%)** | **০** |

### খ) কর্মসূচিভিত্তিক বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ১৩৯.০০ | ১৩৯.০০ | ০ | ২৪.৭৫ (১৭.৮০%) | ২৪.৭৫ (১৭.৮০%) | ০ | ০ | ০ | ০ |
| | | **১৩৯.০০** | **১৩৯.০০** | **০** | **২৪.৭৫ (১৭.৮০%)** | **২৪.৭৫ (১৭.৮০%)** | **০** | **০** | **০** | **০** |

### ২.৩ দরপত্র পর্যালোচনাঃ

২০২৪-২৫ অর্থ বছরের কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের এডিপি'র বিপরীতে মোট ৮৫টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা ছিল। উক্ত দরপত্র/প্যাকেজসমূহের মধ্যে জুলাই, ২০২৪ পর্যন্ত ০৬ টি (৭.০৫%) দরপত্র আহবান করা হয়; কোনো দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়নি। ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে আরএফকিউ পদ্ধতিতে মোট ২৭টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্র ছিল; তন্মধ্যে জুলাই,২০২৪ পর্যন্ত কোন দরপত্র আহবান করা বা কার্যাদেশ প্রদান করা হয়নি। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ১টি কর্মসূচি'র অনুকূলে দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা ছিল ৪টি এবং আরএফকিউ পদ্ধতিতে ২ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত দরপত্রের মধ্যে কোনো দরপত্র বা কোটেশনের দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান করা হয়নি।

প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৩২ | ২ | ০ | ৭ | ০ | ০ |
| ২ | এসডিএএমপি | ৩ | ০ | ০ | ৫ | ০ | ০ |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ১ | ০ | ০ | ২ | ০ | ০ |
| ৪ | আলুর প্রকল্প | ৯ | ০ | ০ | ২ | ০ | ০ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ২৫ | ৪ | ০ | ৯ | ০ | ০ |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১৯ | ০ | ০ | ৯ | ০ | ০ |
| | **সর্বমোট** | **৮৫** | **৬** | **০** | **২৭** | **০** | **০** |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ৪ | ০ | ০ | ২ | ০ | ০ |
| | **সর্বমোট** | **৪** | **০** | **০** | **২** | **০** | **০** |

**৩.০। গত ২৯ জুন ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় গ্রহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.১ | প্রকল্পের ২০২৪-২৫ অর্থবছরের জন্য সময়ভিত্তিক এবং বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা দ্রুততম সময়ে প্রস্তুত ও চূড়ান্ত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | একটি প্রকল্পের কর্মপরিকল্পনা (কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প) ব্যাতিত প্রকল্পের ২০২৪-২৫ অর্থবছরের জন্য সময়ভিত্তিক এবং বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মপরিকল্পনা ও বার্ষিক ক্রয়পরিকল্পনা মহাপরিচালক কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক অনুমোদন করা হয়েছে। |
| ৩.২ | বার্ষিক ক্রয়পরিকল্পনা চূড়ান্ত করে সেপ্টেম্বর ২০২৪ মাসের মধ্যে সকল দরপত্র আহবান করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | বার্ষিক ক্রয়পরিকল্পনা চূড়ান্ত করে সেপ্টেম্বর, ২০২৪ মাসের মধ্যে সকল দরপত্র আহবানের প্রক্রিয়া চলমান রয়েছে মর্মে প্রকল্প/ কর্মসূচি হতে জানিয়েছেন। |
| ৩.৩ | প্রকল্প পরিকল্পনা এবং বাস্তবায়নে কোন ধরনের ভুল-ত্রুটি, অনিয়ম, দুর্নীতি যেন না হয় সে বিষয়ে প্রকল্প পরিচালকগণ সতর্ক থাকবেন এবং প্রকল্প ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধিবিধান মেনে Quality expenditure করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | প্রকল্প পরিকল্পনা এবং বাস্তবায়নে কোন ধরনের ভুল-ত্রুটি, অনিয়ম, দুর্নীতি যেন না হয় সে বিষয়ে প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ সতর্ক রয়েছেন। Quality expenditure করার জন্য প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসরণপূর্বক প্রকল্পের অর্থ ব্যয় করা হচ্ছে মর্মে প্রকল্প/ কর্মসূচি হতে জানিয়েছেন। |

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.৪ | কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে গুণগতমান অনুযায়ী যাচাই/বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদনের পূর্বে পণ্যের একটি নমুনা পরিচালক, নীতি ও পরিকল্পনা শাখায় প্রদান করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচী'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে গুনগতমান অনুযায়ী চুক্তি অনুযায়ী যাচাই/বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদনের নীতি ও পরিকল্পনা পূর্বে পণ্যের একটি নমুনা পরিচালক, নীতি ও পরিকল্পনা শাখায় প্রদান করা হবে মর্মে প্রকল্প/ কর্মসূচি হতে জানিয়েছেন। |
| ৩.৫ | কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ দলিলসমূহ (Standard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০(২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সকল প্রকল্প/কর্মসূচী'র আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ দলিলসমূহ (Standard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র দাখিলের আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০ (২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ করা হবে মর্মে প্রকল্প/ কর্মসূচি হতে জানিয়েছেন। |
| ৩.৬ | কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচির আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের সকল দরপত্র সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে বিক্রয়ের ব্যবস্থা চালু করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | প্রকল্প/কর্মসূচী'র আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের সকল দরপত্র সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে বিক্রয়ের ব্যবস্থা করা হবে মর্মে প্রকল্প/ কর্মসূচি হতে জানিয়েছেন। |

**৪। বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ প্রকল্পের সময়ভিত্তিক এবং বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা দ্রুততম সময়ে প্রস্তুত ও চূড়ান্ত করে সেপ্টেম্বর ২০২৪ মাসের মধ্যে সকল দরপত্র আহবান করার জন্য নির্দেশনা দেওয়ায় ২০২৪-২৫ অর্থবছরের চলমান সকল প্রকল্পের প্রকল্প পরিচালককে ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্ট বিধিমোতাবেক যথাযথ ও সেপ্টেম্বর ২০২৪ মাসের মধ্যে সম্পন্নকরণ এবং এডিপি'তে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। সেপ্টেম্বর ২০২৪ মাসের পর কোন প্রকল্প/কর্মসূচির পণ্য, কার্য ও সেবার ব্যয় প্রাক্কলন ও ক্রয় পদ্ধতি HOPE কর্তৃক অনুমোদনের জন্য গ্রহণ করা হবেনা। সরকারি তহবিলের দ্বারা পণ্যসামগ্রী ক্রয়ে সরকারি ক্রয় আইন ও বিধির যথাযথ প্রয়োগ, অর্থের সর্বোত্তম ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে এখন থেকে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক

বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্যসামগ্রী অধিদপ্তরের গঠিত মনিটরিং কমিটি/প্রতিনিধি অনুমোদিত স্পেসিফিকেশনের ভিত্তিতে গুণগতমান অনুযায়ী যাচাই/বাছাই এর সুবিধার্থে কার্যাদেশ অনুযায়ী চুক্তি সম্পাদন করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত পূর্বক সচিব, কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প এবং আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পদ্বয়ের পেঁয়াজ সংরক্ষণাগার ও আলু সংরক্ষণাগার নির্মাণের জন্য সুবিধাভোগী কৃষক নির্বাচণের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি দেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া ঘরগুলো কিভাবে তৈরী করা হয়েছে বা ঘরে পণ্য রাখার উপকারিতা নিয়ে একটি ভিডিও ক্লীপ তৈরী করে সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং পেঁয়াজ সংরক্ষণাগার ও আলু সংরক্ষণাগার ঘরগুলোর মাচা অবশ্যই ইউক্যালিপটাস গাছের কাঠ দিয়ে (ডিপিপি অনুযায়ী) করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে দ্রুততার সাথে ২য় সংশোধনীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্পের পেঁয়াজ সংরক্ষণাগার ঘরের জন্য নির্ধারিত পর্দা পৃথক ভাবে দরপত্রের মাধ্যমে সংগ্রহ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) এবং প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফর্মেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) প্রকল্পের যাবতীয় কার্যক্রম এডিপি বরাদ্দ অনুযায়ী গ্যান্টচার্ট (Gantt Chart) এর ভিত্তিতে নির্ধারিত সময়ে শেষ করতে হবে। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০(২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | বার্ষিক ক্রয়পরিকল্পনা চূড়ান্ত করে সেপ্টেম্বর ২০২৪ মাসের মধ্যে সকল দরপত্র আহবান করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.২ | কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত পূর্বক সচিব, কৃষি মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৩ | কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প এবং আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পদ্বয়ের পেঁয়াজ সংরক্ষণাগার ও আলু সংরক্ষণাগার নির্মাণের জন্য সুবিধাভোগী কৃষক নির্বাচণের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রচার করতে হবে। | প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প এবং প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প। |
| ৫.৪ | কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্পের পেঁয়াজ সংরক্ষণাগার ঘরের জন্য | প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | নির্ধারিত পর্দা পৃথক ভাবে দরপত্রের মাধ্যমে সংগ্রহ করতে হবে। | উন্নয়ন প্রকল্প |
| ৫.৫ | পেঁয়াজ সংরক্ষণাগার ও আলু সংরক্ষণাগার কিভাবে তৈরী করা হয়েছে বা ঘরে পণ্য রাখার উপকারিতা নিয়ে একটি ভিডিও ক্লীপ তৈরী করে সর্বত্র প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং পেঁয়াজ সংরক্ষণাগার ও আলু সংরক্ষণাগার ঘরগুলোর মাচা অবশ্যই ইউক্যালিপটাস গাছের কাঠ (ডিপিপি অনুযায়ী) দিয়ে করতে হবে। | প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পিঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প এবং প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প। |
| ৫.৬ | কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির জন্য দ্রুততার সাথে ২য় সংশোধনীর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্প। |
| ৫.৭ | স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) এবং প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফর্মেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) প্রকল্পের যাবতীয় কার্যক্রম এডিপি বরাদ্দ অনুযায়ী গ্যান্টচার্ট (Gantt Chart) এর ভিত্তিতে নির্ধারেত সময়ে শেষ করতে হবে। | এসএসিপি (বিপণন অংগ) প্রকল্প এবং পার্টনার (বিপণন অংগ) প্রকল্প |
| ৫.৮ | প্রকল্প পরিকল্পনা এবং বাস্তবায়নে কোন ধরনের ভুল-ত্রুটি, অনিয়ম, দুর্নীতি যেন না হয় সে বিষয়ে প্রকল্প পরিচালকগণ সতর্ক থাকবেন এবং প্রকল্প ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধিবিধান মেনে quality expenditure করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৯ | প্রকল্প/কর্মসূচি'র আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ দলিলসমূহ (Standard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০(২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.১০ | সকল প্রকল্প/কর্মসূচির আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের সকল দরপত্র সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে বিক্রয়ের ব্যবস্থা চালু করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/৯/২০২৪

মোঃ মাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর